

■ সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৮৭১

৩৬/ আদব (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ৬৮. খারাপ নাম পরিবর্তন করে ভাল নাম রাখা সম্পর্কে।

بَابِ فِي تَغْيِيرِ الْإِسْمِ الْقَبِيْحِ

আরবী

حَدَّثَنَا الرَّبِيعُ بْنُ نَافِعٍ، عَنْ يَزِيدَ، - يَعْنِي ابْنَ الْمِقْدَامِ بْنِ شُرَيْحٍ - عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ،
 شُرَيْحٍ عَنْ أَبِيهِ، هَانِئٌ أَنَّهُ لَمَّا وَفَدَ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَعَ قَوْمِهِ سَمِعُهُمْ
 يَكْنُونَهُ بِأَبِي الْحَكْمِ فَدَعَاهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ "إِنَّ اللَّهَ هُوَ الْحَكَمُ
 وَإِلَيْهِ الْحَكْمُ فَلَمْ تُكْنِ أَبَا الْحَكْمِ" . فَقَالَ إِنَّ قَوْمِي إِذَا اخْتَلَفُوا فِي شَيْءٍ أَتَوْنِي فَحَكَمْتُ
 بَيْنَهُمْ فَرَضَيْتُ كِلَّا الْفَرِيقَيْنِ . فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "مَا أَحْسَنَ هَذَا فَمَا
 لَكَ مِنَ الْوَلَدِ" . قَالَ لِي شُرَيْحٌ وَمُسْلِمٌ وَعَبْدُ اللَّهِ . قَالَ "فَمَنْ أَكْبَرُهُمْ" . قُلْتُ شُرَيْحٌ
 قَالَ "فَأَنْتَ أَبُو شُرَيْحٍ" . قَالَ أَبُو دَاؤِدَ شُرَيْحٌ هَذَا هُوَ الَّذِي كَسَرَ السِّلْسِلَةَ وَهُوَ مِنْ
 دَخَلَ تُسْتَرَ . قَالَ أَبُو دَاؤِدَ وَيَلْغَنِي أَنَّ شُرَيْحًا كَسَرَ بَابَ تُسْتَرَ وَذَلِكَ أَنَّهُ دَخَلَ مِنْ سِرْبٍ

বাংলা

৪৮৭১. বারী ইবন নাফি (রহঃ) হানী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ তিনি যখন তার সম্প্রদায়ের লোকদের
 সাথে প্রতিনিধি দলের সদস্য হিসাবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে আসে, তখন নবী
 সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শুনতে পান যে, তার কাওমের লোকেরা তাকে 'আবুল হাকাম' বলে সম্মোধন
 করছে। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে ডেকে বলেনঃ হাকাম হলেন আল্লাহ, আর হুকুম
 তো তাঁরই। কাজেই তোমার নাম আবুল হাকাম কিরণে হতে পারে? তখন সে বলেঃ আমার কাওমের লোকদের
 মাঝে যখন ঝগড়া-বিবাদ হয়, তখন তারা আমার কাছে আসলে, আমি তাদের মাঝে এমনভাবে মীমাংসা করে দেই
 যে, তারা উভয় পক্ষই খুশী হয়ে যায়। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ এতো খুবই উত্তম
 কথা! এরপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে জিজ্ঞাসা করেনঃ তোমার ছেলে সন্তান কয়টি? সে বলেঃ
 (আমার ছেলেদের নাম) শুরায়হ, মুসলিম ও আবদুল্লাহ। তিনি জিজ্ঞাসা করেনঃ এদের মধ্যে বড় কে? সে বলে,
 আমি বলিঃ শুরায়হ। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তা হলে আবু শুরায়হ।

English

Narrated Hani ibn Yazid:

When Hani went with his people in a deputation to the Messenger of Allah (ﷺ), he heard them calling him by his kunyah (surname), AbulHakam.

So the Messenger of Allah (ﷺ) called him and said: Allah is the judge (al-Hakam), and to Him judgment belongs. Why are you given the kunyah AbulHakam?

He replied: When my people disagree about a matter, they come to me, and I decide between them, and both parties are satisfied with my decision.

He said: How good this is! What children have you? He replied: I have Shurayh, Muslim and Abdullah. He asked; Who is the oldest of them? I replied: Shurayh. He said: Then you are AbuShurayh.

Abu Dawud said: This is Shuraib who broke the chain, and who entered Tustar.

Abu Dawud said: I have been told that Shuraib broke the gate of Tustar, and he entered it through tunnel.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=36977>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন